

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বাজেট অধিশাখা

**বিষয় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসনাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের  
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুমোদন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মোঃ সিরাজুল হক খান সচিব
	স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	: ০৬-০৬-২০১৮ খ্রি.
সভার সময়	: সকাল ১১.০০ টা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট-ক**

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কমিটির সদস্য ও যুগ্মসচিব জনাব মোঃ খলিলুর রহমানকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। জনাব মোঃ খলিলুর রহমান জানান মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র ও সূচি অনুযায়ী মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর; মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর; মহাপরিচালক নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর; মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট; প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ অ্যান্ড টিসি এবং ওয়ার্কশপ ম্যানেজার, টেমো মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত APA নির্দেশিকা ও সূচি অনুসরণ করে ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রনয়ণ করে প্রেরন করেছেন। প্রেরিত খসড়াসমূহ এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কমিটির সভায় পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ করা হয়। তদনুসারে সংস্থা প্রধানগণ তাঁদের স্ব স্ব সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধনপূর্বক অনুমোদনের জন্য প্রেরন করেছেন। তিনি আরো জানান আগামী ২০ জুন ২০১৮ তারিখে সংস্থাসমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের জন্য তারিখ ধার্য আছে। সভায় সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ পর্যালোচনা করা হয় এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ মোশতাক হাসান, এনডিসি, অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) জনাব সুভাষ চন্দ্র সরকার, যুগ্ম প্রধান (পরিকল্পনা) ডা. আ. এ. মোঃ মহিউদ্দিন ওসমানী এবং যুগ্ম সচিব (হাসপাতাল) বেগম জাকিয়া সুলতানা কিছু কিছু সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বানান রীতি, বাক্য বিন্যাস, সংস্থার কার্যাবলির সাথে গৃহীত কার্যক্রম সম্পর্কে মতামত ব্যক্ত করেন।

৩.০ সভাপতি বলেন স্বাক্ষরের পূর্বে সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সমূহ পুনঃ পরীক্ষা করা প্রয়োজন যাতে বানান রীতি, বাক্য বিন্যাস, সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে গৃহীত কার্যক্রম, অর্জন ইত্যাদি সামঞ্জস্যপূর্ণ হয়। সর্বোপরি একটি পরিশলীলাত কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থাপন করতে হবে। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

অপর পৃষ্ঠায়

